

প্রিয়তমা লিরিক্স:-

এ নিশীথে অনায়াসে  
খেলা করে আলো ছায়া,  
দূরে পথ ভেসে আছে  
ডুবে গেছে আসা যাওয়া।

এ নিশীথে অনায়াসে  
খেলা করে আলো ছায়া,  
দূরে পথ ভেসে আছে  
ডুবে গেছে আসা যাওয়া।

একা হাঁটে কুহকিনী নীরবতা করতলে  
অন্তবিহীন কুঁড়ি ফোটে  
ঝরে যাবে বলে,  
তোমাকেই সাজাবে বলে  
কোটি কথা করি জমা,  
আশা রাখি দেখা হবে  
শুভরাত্রি প্রিয়তমা।  
তোমাকেই সাজাবে বলে  
কোটি কথা করি জমা,  
আশা রাখি দেখা হবে  
শুভরাত্রি প্রিয়তমা।

এ আঁধারে মায়্যা বাড়ে  
পারো যদি কোরো ক্ষমা,  
আশা রাখি দেখা হবে  
শুভরাত্রি প্রিয়তমা।  
এ আঁধারে মায়্যা বাড়ে  
পারো যদি কোরো ক্ষমা,  
আশা রাখি দেখা হবে  
শুভরাত্রি প্রিয়তমা।

Female version includes:

এ সমাধি ঘিরে জমে  
সমসাময়িক কোলাহল  
কেঁপে ওঠে পরিচিত অপরাধী শব্দদল,  
এ সমাধি ঘিরে জমে  
সমসাময়িক কোলাহল  
কেঁপে ওঠে পরিচিত অপরাধী শব্দদল,

একে একে ঘর ভাঙে  
কাছে ডাকে জলরাশি  
তুমি আছে অনুভবে দ্রুতপায়ে সরে আসি,  
এ আঁধারে মায়্যা বাড়ে  
পারো যদি কোরো ক্ষমা  
আশা রাখি দেখা হবে শুভরাত্রি প্রিয়তমা।  
এ আঁধারে মায়্যা বাড়ে  
পারো যদি কোরো ক্ষমা  
আশা রাখি দেখা হবে শুভরাত্রি প্রিয়তমা।